দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 JAN 2016
১৫ কলাম ৪

# শুক্রবার থেকে নয়া সূচীতে চবি শাটল ট্রেন

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের যাতায়াতের অন্যতম মাধ্যম শাটল ট্রেনের সময়সূচী পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত ক্লাস ও দাফতরিক সময়সূচীর সঙ্গে সামঞ্জস্য রাখতে শাটল ট্রেনের শিডিউলে পরিবর্তন আনা হয়। আগামীকাল শুক্রবার থেকে পরিবর্তিত সময়সূচী অনুযায়ী শাটল ট্রেন চলাচল করবে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের ৫০০তম সিন্ডিকেট সভায় ২০১৬ সালের শুরু থেকে সাপ্তাহিক ছুটি শুক্রবারের সঙ্গে শনিবারও করার সিদ্ধান্ত হয়। ওই সভায় বিশ্ববিদ্যালয়ের দাফতরিক সময় সকাল সাড়ে আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত এবং ক্লাসের সময় সকাল নয়টা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত করার সিদ্ধান্ত হয়। ক্লাস ও দাফতরিক সময়ের সঙ্গে মিল রেখে সম্প্রতি শাটল ট্রেনের সময়সূচীতেও এ পরিবর্তন আনা হয়েছে। রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করে শাটল ট্রেনের সময়সূচী পরিবর্তন করা হয়।

পরিবর্তিত সময় অনুযায়ী, দুপুর দেড়টার বিশ্ববিদ্যালয় থেকে নগরমুখী ট্রেনটি নতুন সূচী অনুযায়ী দুপুর আড়াইটায় ছাড়বে। দুপুর আড়াইটার ট্রেনটি বিকেল সাড়ে তিনটায় বিশ্ববিদ্যালয় ছাড়বে। এছাড়া বিকেল ৪টার ট্রেনটি ছাড়বে বিকেল ৫টায় এবং বিকেল ৫টার ট্রেনটি নতুন সূচী অনুয়ায়ী সন্ধ্যা ৬টায় নগরীর উদ্দেশে ক্যাম্পাস ছাড়বে। একইভাবে নগরীর বটতলী স্টেশন থেকে দুপুর ২টা ৫০ মিনিটের ট্রেনটি পরিবর্তিত সময় অনুযায়ী ৩টা ৫০ মিনিটে ক্যাম্পাসের উদ্দেশে ছাড়বে। বিকেল ৩টা ৫০ মিনিটের ট্রেনটি বিকেল ৫টায় বটতলী স্টেশন থেকে ক্যাম্পাসের উদ্দেশ্যে ছাড়বে।

তবে সকাল সাড়ে ৭টা, ৮টার ট্রেনটি আগের সূচী অনুযায়ী বটতলী স্টেশন থেকে ছাড়বে। এছাড়া নগরীর ষোলোশহর থেকে সকাল ৯টা ৪৫ মিনিট ও সাড়ে ১০টার ট্রেনটি পূর্বের সময়সূচী অনুযায়ী স্টেশন ছাড়বে। অনুরূপভাবে সকাল ৮টা ৪৫ মিনিট, ৯টা ২০ মিনিটের ট্রেন দুটি আগের সময়সূচী অনুয়ায়ী ক্যাম্পাস ছাড়বে। রাত সাড়ে আটটায় বটতলী স্টেশন থেকে ছাড়া ট্রেনটির সূচী অপরিবর্তিত থাকবে।